গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.০১.০০৬৩.২৬.**১০৮** তারিখ:০১-০৯-২০২৬

বিষয়: টেকসেল এর অনুকূলে শ্রেণীর ২য় এডহক ইন্ড্রাষ্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্প আই আর সি) জারির সুপারিশ প্রদান।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৯৩২, তারিখ: ১১/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেকসেল অফিস: ৫৯/ডি, দারুসসালাম টাওয়ার শপিং কমপ্লেক্স, কল্যাণপুর, ঢাকা ও কারখানা: হোল্ডিং নং-৫৪৭১, বিন্যাডাংগি, সিংগাইর, মানিকগঞ্জ নামক বস্ত্র শিল্প কারখানার মালিক পক্ষের নিকট হতে প্রাপ্ত। বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যা: বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০২১৩-২৫, তারিখ: ০৭ এপ্রিল ২০২৫ খ্রিঃ। প্রতিষ্ঠানটি ১০০% স্থানীয় বিনিয়োগ "তৈরি পোশাক (নিট ও ওভেন), নিটিং, উইভিং, গার্মেন্টস ওয়াশিং" উপখাতের বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে জারিকৃত এডহক শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৬২১২২৫, তারিখ: ২২/০৫/২০২৫ খ্রিস্টাব্দ জারি করা হয়। বস্ত্র শিল্প প্রতিষ্ঠান যন্ত্রপাতি ও কাঁচামাল আমদানির জন্য অত্র অধিদপ্তরে একটি আবেদনপত্র দাখিল করেছেন। তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরিক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্বের পরিমাণ ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্বের পরিমাণ ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণ পূর্বক ২য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, শিল্প প্রতিষ্ঠানটি তৈরি পোশাক (নিট ও ওভেন), নিটিং, উইভিং, গার্মেন্টস ওয়াশিং উপখাতের ১০০% রপ্তানীমূখী একটি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান বিধায় আমদানি যোগ্য কাঁচামালসমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতীত) এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আমদানি করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি ২০২১-২৪, বিদ্যমান অন্যান্য সরকারি বিধি-বিধান প্রতিপালন স্বাপেক্ষে টেকসেল এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে) আমদানির জন্য কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্বের পরিমাণ ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্বের পরিমাণ ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণপূর্বক ২য় এডহক (শিল্প আই আর সি) জারির সুপারিশ প্রদান করা হ'ল।

০৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

০১-০৯-২০২৬
মোঃ আব্দুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার)

১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.০১.০০৬৩.২৬.১০৮ (১)/৪ তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।);

০২। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;

০৩। ব্যবস্থাপনা পরিচালক, টেকসেল অফিস: ৫৯/ডি, দারুসসালাম টাওয়ার শপিং কমপ্লেক্স, কল্যাণপুর, ঢাকা ও কারখানা: হোল্ডিং নং-৫৪৭১, বিন্যাডাংগি, সিংগাইর, মানিকগঞ্জ;

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিরন জন্য]।

মোঃ আব্দুর রহমান
উপ-পরিচালক